# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, নেককার লোকের কবরের নিকট দু'আ করে কি আমরা আল্লাহর নৈকট্য হাসিল করব?

উত্তর: বল, নেককার লোকদের কবরের পাশে আল্লাহর নিকট দু‘আ করা একটি নব্য বিদ‘আত। আর এটি শির্কের মাধ্যম। আলী বিন হুসাইন রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি এক ব্যক্তিকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কবরের নিকট দু'আ করতে দেখে নিষেধ করেছেন এবং বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “তোমরা আমার কবরকে ঈদে পরিণত কর না”। যিয়াউল মাকদিসী (আল-মুখতারা: ৪২৮) গ্রন্থে হাদীসটি উদ্ধৃত করেছেন। কোনো একজন সাহাবী থেকে সহীহ সনদে কখনোই প্রমাণিত নয় যে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কবরে এসে আল্লাহর নিকট দু‘আ করতেন। অনুরূপ ইহসানের সাথে তাদের অনুসারী তাবেঈগণ সাহাবী ও উম্মতের মহান ব্যক্তিদের কবরের নিকট দু'আ করতে সচেষ্ট হননি। এটি শয়তানের কুমন্ত্রণা মাত্র। এ দ্বারা সে পরবর্তীকালের কতক লোকের বিবেক শিকার করেছে, ফলে তাদের সালফে সালেহীনগণ যাকে খারাব মনে করত, যা থেকে বিরত থাকতো, তার নিকৃষ্টতা ও ঘৃণ্য পরিণতির সম্পর্কে জানা থাকার কারণে তা থেকে নিষেধ করত এবং পরবর্তীকালের লোকদের ইলম, জ্ঞান, বুঝ ও মর্যাদা কম হওয়াতে তারা তা ভুলে গিয়ে শয়তানের ফাঁদসমূহে জড়িয়ে পড়ে এবং বিদ‘আতকে সুন্দরভাবে পেশ করে তাদেরকে শির্কের গভীর অন্ধকারের দিকে টেনে নিয়ে গেছে। আমরা আল্লাহর নিকট এ থেকে শ্রয় চাই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10002

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন